শিক্ষা নৈতিকতা মানবতা দেশপ্রেম

# মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর

শিক্ষাবর্ষ : ২০২১

স্মারক নংঃ ম.জ.ফা.স্কু.ক/নোটিশ/২০২১/১০ তারিখ : ১৪/০৪/২০২১ খ্রি.

## অনলাইন শিক্ষা কার্যক্রম নিয়ে অধ্যক্ষের বার্তা

সম্মানিত অভিভাবক ও প্রিয় শিক্ষার্থীবৃন্দ বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় চলমান লকডাউনের কারণে আমাদের স্বাভাবিক জীবনাচরণে বিধিনিষেধ আরোপিত হয়েছে। করোনা প্রতিরোধে আমাদের সকলের আন্তরিকতার সাথে এ বিধিনিষেধ মেনে চলতে হবে।
মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ করোনা পরিস্থিতির শুরু থেকে অনলাইন প্লাটফর্মে শিক্ষার্থীদের পড়াশোনা এগিয়ে নিতে সব ধরনের কার্যক্রম চালু রেখেছে। চলমান পরিস্থিতিতে স্কুল এন্ড কলেজে সরাসরি পাঠদানের সুযোগ নেই। এমতাবস্থায় এ প্রতিষ্ঠানের কেজি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীর অনলাইন ক্লাস ও পরীক্ষা কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সকলের অবগতির জন্য ধারাবাহিক কার্যক্রম সমূহ উল্লেখ করা হলো।

**# কেজি থেকে দশম শ্রেণির জন্য এ্যাসাইনমেন্ট কার্যক্রম ঃ** এ শ্রেণিসমূহের এ্যাসাইনমেন্ট কার্যক্রম অনলাইনে চালু থাকবে। ইতোমধ্যে শিক্ষার্থীদের ১ম এ্যাসাইনমেন্ট লেখা শেষ হয়েছে, কিন্তু চলমান পরিস্থিতিতে জমা নেয়া সম্ভব হয়নি। পরিস্থিতির উন্নতি হলে এ্যাসাইনমেন্ট জমা দেয়ার নতুন তারিখ জানানো হবে। তবে ১৫/৪/২০২১ তারিখ থেকে শ্রেণিভিত্তিক ২য় এ্যাসাইনমেন্ট কলেজের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করা হবে, শিক্ষার্থীরা এ্যাসাইমেন্টের বিষয়ভিত্তিক কাজ বাড়িতে অবস্থান করে সম্পন্ন করবে। শিক্ষার্থীদের সুবিধার্থে ১৭-২০ এপ্রিলের মধ্যে উক্ত এ্যাসাইনমেন্টের ওপর শিক্ষকদের রেকর্ডকৃত ক্লাস সমূহ কলেজ ওয়েবসাইটে আপলোড করা হবে। সম্মানিত অভিভাবকদের নিজ সন্তানের পড়াশোনা সংক্রান্ত সবধরনের কাজে সহায়তা করতে অনুরোধ করছি।

**# এসএসসি -২০২১ ব্যাচের মডেল টেস্ট ও একাদশ শ্রেণির** হাফ -ইয়ারলী পরীক্ষা আগামী ১৭ এপ্রিল থেকে যথারীতি রুটিন অনুযায়ী অনলাইন প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। পরীক্ষা গ্রহণে সম্মানিত অভিভাবকগণের আন্তরিক সহোযোগিতা কামনা করছি।

**# দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সংক্ষিপ্ত সিলেবাসের অসমাপ্ত অংশে অনলাইন ক্লাস অব্যাহত রয়েছে। সকল শিক্ষার্থীকে আন্তরিকতার সাথে বিষয়ভিত্তিক লেকচার সমূহ দেখার জন্য নির্দেশনা দেয়া হলো।

# চলমান পরিস্থিতিতে ক্লাব কার্যক্রম চালু থাকবে, দ্রুততম সময়ে এ ব্যাপারে কার্যকরি পদক্ষেপ নেয়া হবে ও নোটিশের মাধ্যমে কলেজ পেইজে জানিয়ে দেয়া হবে।

# সম্মানিত অভিভাবক, চলমান করোনা পরিস্থিতির একটু উন্নতি হলে আমরা আপনার সন্তানের পড়াশোনায় আরও কার্যকরি ও বাস্তবসিদ্ধ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছি। আমাদের প্রিয় অভিভাবক, কলেজ গভর্ণিং বডির সম্মানিত সভাপতি জনাব এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম মহোদয়ের সার্বিক পৃষ্ঠপোষকতায় শিক্ষার্থীদের পড়াশোনা এগিয়ে নিতে এলাকা ভিত্তিক " ভ্রাম্যমাণ শিক্ষা সেবা কার্যক্রম" হাতে নেয়া হবে। সর্বোপরি, যেকোনো পরিস্থিতিতে এ প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষিকাগণ আপনার সন্তানের উন্নত লেখাপড়া নিশ্চিত করতে বদ্ধপরিকর। এ লক্ষ্য অর্জনে চলমান পরিস্থিতিতে আমি আমার প্রানপ্রিয় শিক্ষার্থীদের প্রতি নিজ পড়াশোনায় আরও বেশি আন্তরিক হবার নির্দেশনা দিচ্ছি।

সম্মানিত অভিভাবকদের প্রতি অনুরোধ করছি, সকল পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের সাথে যোগাযোগ রাখুন। আপনার সন্তানের উন্নত লেখাপড়া নিশ্চিত করতে আমাদের সহায়তা করুন। নিজ সন্তান ও পরিবারের সকলের স্বাস্থ্য সুরক্ষায় সচেতন থাকুন। সকলের প্রতি রইলো বাংলা নববর্ষের শুভেচ্ছা।

***ঘরে থাকুন, সুস্থ থাকুন।***

এম ফরিদ আল হোসাইন
অধ্যক্ষ

বিতরণ : ওয়েবসাইট/ফেসবুক পেইজে প্রকাশ, নোটিশ ফাইল, নোটিশ বোর্ড